

বাণিজ্য

জ্বালানি চাহিদা মেটাতে আরো ৬ কার্গো এলএনজি কিনবে সরকার

প্রতিবেদক: Bangladesh

প্রকাশের তারিখ: মঙ্গলবার, ১৫ সেপ্টেম্বর ২০২৬, ০৫:২০ PM



দেশের ক্রমবর্ধমান জ্বালানি চাহিদা মেটাতে আরো ছয় কার্গো তরলীকৃত প্রাকৃতিক গ্যাস (এলএনজি) কেনার সিদ্ধান্ত নিয়েছে সরকার।

সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ৪৪তম সভায় এসংক্রান্ত তিনটি প্রস্তাব অনুমোদন দেওয়া হয়।

আজ এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়।

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের প্রস্তাব অনুযায়ী, আন্তর্জাতিক কোটেশন পদ্ধতি (রিকোয়েস্ট ফর কোটেশন, ইন্টারন্যাশনাল)-তে দুটি কার্গো এলএনজি কেনা হবে। এসব কার্গোর একটি ৯-১০ অক্টোবর এবং অন্যটি ২৭-২৮ অক্টোবর ২০২৬ তারিখে দেশে সরবরাহের কথা রয়েছে।

এ দুটি কার্গোর জন্য প্রতি এমএমবিটিইউ এলএনজির দর যথাক্রমে ২৮ দশমিক ৯৫ ও ২৯ দশমিক ৭৯৫ মার্কিন ডলার।

যুক্তরাজ্যের টোটাল এনার্জিস গ্যাস অ্যান্ড পাওয়ার লিমিটেড ৫২তম কার্গোর জন্য প্রতি এমএমবিটিইউ ২৮ দশমিক ৯৫ ডলার এবং

সিঙ্গাপুরের ভিটল এশিয়া পিটিই লিমিটেড ৫৬তম কার্গোর জন্য ২৯ দশমিক ৭৯৫ ডলার দর প্রস্তাব করেছে।

এ ছাড়া সরাসরি ক্রয় পদ্ধতিতে যুক্তরাষ্ট্রের ডারাব ইনকরপোরেটেড থেকে দুটি কার্গো প্রতি এমএমবিটিইউ ১৭ ডলার দরে এবং একই পদ্ধতিতে যুক্তরাষ্ট্রের মাইন্ড মিংগল এলএলসি থেকে আরো দুটি কার্গো প্রতি এমএমবিটিইউ ১৯ ডলার দরে কেনার অনুমোদন দেওয়া হয়েছে।

চলতি বছরে অনুষ্ঠিত সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ৪৪তম সভায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের এলএনজি ক্রয় সংক্রান্ত এ তিনটি প্রস্তাব অনুমোদিত হয়।

এ বিভাগের আরও খবর



শিমের কেজি ২০০ টাকা, স্বস্তি নেই সবজির বাজারে
রাজধানীর কাটাচাবাজারে সবজির দামে এখনো স্বস্তি ফেরেনি। শুক্রবার রায়ের বাজার ও মোহাম্মদপুর কৃষি বাজার ঘুরে দেখা গেছে, সরবরাহ বাড়লেও শীতের আগা...



টানা দুই দিন কমল সোনার দাম, আজ ভরিতে ২২১৬ টাকা
এক দিনের ব্যবধানে দেশের বাজারে সোনার দাম আবার কমানো হয়েছে। আজ সোনার দাম ভরিতে কমেছে সর্বোচ্চ ২ হাজার ২১৬ টাকা। নতুন দর সকাল ১০টায় কার্যকর...



জ্বালানি তেলের পর বাড়ল নিত্যপণ্যের দাম

জ্বালানি তেলের দাম বাড়ায় নতুন করে চাপে পড়েছে মধ্যবিত্তের সংসার খরচ। এর প্রভাবে বেড়েছে মাছ, ডিম ও কিছু সবজির দাম। আজ শুক্রবার রাজধানীর বি...



চীনা অর্থনৈতিক অঞ্চলের অবকাঠামো উন্নয়নে বরাদ্দ ৩৬২৯ কোটি

চীনা অর্থনৈতিক ও শিল্পাঞ্চলের অবকাঠামো উন্নয়নে ৩ হাজার ৬২৯ কোটি ৯৫ লাখ ৮১ হাজার ৭৫ টাকা ব্যয়ের একটি ক্রয় প্রস্তাব অনুমোদন করেছে সরকার। এ অর্...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/business/jbalani-chahida-metate-aro-6-kargea-elenji-kinbe-srkar>